BGMEA

সার্কুলার নং বিজিএমইএ/কাস/২০২৬/২৪৮ তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: EPB Export Tracker-এ REX সংক্রান্ত ডকুমেন্টস সাবমিট এবং সার্ভিস চার্জ পরিশোধ প্রসঙ্গে।**

**সূত্রঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০০০.৪৭.৯৯.০০০১.২৪.১১৮ তারিখ: ১৫/১০/২০২৬**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)-র ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখের নির্দেশনা অনুযায়ী, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কের ক্ষেত্রে REX নম্বর প্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে তাদের রপ্তানিকৃত সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট ব্যুরোর 'Export Tracker'-এ সাবমিট করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে REX নম্বর প্রাপ্তির পর থেকে এ যাবৎ রপ্তানিকৃত সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে সিস্টেমে সাবমিট করতে হবে এবং প্রতি কনসাইনমেন্টের জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে তথ্য সাবমিট এবং সার্ভিস চার্জ পরিশোধে ব্যর্থ হলে ব্যুরোর নিবন্ধন নবায়ন, প্রেফারেন্সিয়াল সার্টিফিকেট অব অরিজিন (Preferential Certificate of Origin) ইস্যু এবং REX নম্বর স্থগিত বা বাতিলসহ বিভিন্ন প্রশাসনিক সেবার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়,যেকোনো ধরণের অনাকাঙ্ক্ষিত জটিলতা এড়াতে নির্ধারিত সময়ের মধ্যে এই প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)**
**মহা-সচিব**

**সংযুক্তিঃ** বর্ণনামতে।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
বস্ত্র বিভাগ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
www.epb.gov.bd



স্মারক নম্বর: ২৬.০২.০০০০.০০০.০৪৭.৯৯.০০০১.২৪.১১৮

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩
১৫ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক REX-এর আওতায় রপ্তানিকৃত সকল কনসাইনমেন্ট সংশ্লিষ্ট ডকুমেন্টস EPB Export Tracker-এ সাবমিট এবং সার্ভিস চার্জ সংক্রান্ত।

সূত্র: ব্যুরোর পত্র নং ২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/২৪১৯ তারিখঃ ০৭-০৪-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ এবং নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কের ক্ষেত্রে REX নম্বর প্রাপ্ত রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিকৃত কনসাইনমেন্টসমুহের সংশ্লিষ্ট ডকুমেন্ট ব্যুরোর Export Tracker-এ দাখিল করার জন্য অনুরোধ জানানো হয় (বিবেচ্য সংযুক্তি: Notice-07-04-2026.pdf, সদয় দ্রষ্টব্য)। REX মনিটরিং ও ভেরিফিকেশন কার্যক্রমের জন্য Export Tracker-এ রপ্তানিকৃত সকল কনসাইনমেন্ট এর ডকুমেন্ট Submit করা অত্যন্ত জরুরী। এছাড়া হালমেয়াদী তথ্য-উপাত্ত সংরক্ষণ ও পরিবেশনের স্বার্থে সকল কনসাইনমেন্টের তথ্য সিস্টেমে সাবমিট করার আবশ্যকতা রয়েছে।

০২। এমতাবস্থায়, REX নম্বর প্রাপ্ত সকল টেক্সটাইল ও তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে আগামী ২৪-০৯-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে (REX নম্বর প্রাপ্তির পর থেকে এ যাবৎ) সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট Export Tracker-এ Submit ও সমুদয় সার্ভিস চার্জ (টাঃ ২৫০/- হারে) পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। এর ব্যত্যয়ে ব্যুরোর নিবন্ধন নবায়ন, বিভিন্ন ধরণের Preferential Certificate of Origin ইস্যু সেবা, REX নম্বর স্থগিত/বাতিলসহ REX ভেরিফিকেশন ও অন্যান্য প্রশাসনিক সেবার ক্ষেত্রে জটিলতার সম্মুখীন হলে তার দায়ভার সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

০৩। বিষয়টি আপনার এসোসিয়েশন এর সংশ্লিষ্ট সকল সদস্য রপ্তানিকারক প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

<u>সংযুক্তিঃ</u>
বর্ণনা মোতবেকঃ ৭৩ পাতা। (বিবেচ্য সংযুক্তি: Exporter Summary.xlsx, সদয় দ্রষ্টব্য)

**সংযুক্তিসমূহঃ**
(১) Exporter Summary
(২) Notice-07-04-2026

১৫-০৯-২০২৬
মোঃ শাহজালাল
পরিচালক
ফোন : +৮৮০৮১৮০০৮৯
ফ্যাক্স : ০২-৯১১৯৫৩১
ইমেইল : dir-textile@epb.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০। (আপনার সমিতির সংশ্লিষ্ট সদস্যদের মধ্যে প্রচারের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও গৃহীত কার্যক্রম সম্পর্কে ব্যুরোকে অবহতি করার বিষয়ে সদয় হস্তক্ষেপ কামনা করা হচ্ছে।)।



Kawsar
forward
16/9/2026

CamScanner